

ফেসবুকের **Public Service Innovation Bangladesh** গ্রুপে যোগদান করুন। লিংক: <https://www.facebook.com/groups/publicserviceinnovationblog/>

কী ও কেন: এটি সরকারি কর্মকর্তাদের জন্য সেবায় উদ্ভাবন বিষয়ক মুক্ত আলোচনার প্লাটফর্ম। যারা সেবায় উদ্ভাবন করেন, উদ্ভাবনের ক্ষেত্র প্রস্তুত করেন, উদ্ভাবন বাস্তবায়ন করে সেবাকে বৃহত্তর জনগোষ্ঠীর দোরগোড়ায় পৌঁছে দিতে ভূমিকা রাখেন, এসকল বিষয়ে নীতি নির্ধারণ করেন, বা স্রেফ যারা এই বিষয়ে উৎসাহি ভূমিকা রাখতে চান, এই প্লাটফর্ম তাদের জন্য।

মন্ত্রিপরিষদ বিভাগ সেবায় উদ্ভাবনী উদ্যোগের ব্যাপক বিকাশের লক্ষ্যে সকল মন্ত্রণালয়, অধিদপ্তর, বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে ইনোভেশন টিম গঠন করার জন্য ৮ এপ্রিল ২০১৩ একটি প্রজ্ঞাপন জারি করে। এর আলোকে বর্তমানে সারাদেশে ১০০০ ইনোভেশন টিম গঠিত হয়, যেখানে ৬০০০+ সরকারি কর্মকর্তা যুক্ত হয়ে সেবায় উদ্ভাবন বিষয়ক কার্যক্রম চলমান রেখেছেন। প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রাম এইসকল ইনোভেশন টিমের সেবায় উদ্ভাবন বিষয়ক দক্ষতা বৃদ্ধির কাজ চালিয়ে যাচ্ছে। এরই ধারাবাহিকতায়, ইনোভেশন টিমের সদস্যসহ সরকারের সকল মন্ত্রণালয়ের বিপুল সংখ্যক কর্মকর্তাও যাতে করে তাদের সেবায় উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন বিষয়ক বৈচিত্র্যময় অভিজ্ঞতা একটি নির্দিষ্ট প্লাটফর্মে আলোচনা ও পর্যালোচনা করতে পারেন সেজন্যে ফেসবুকে এই গ্রুপ তৈরি করা হয়েছে।

মডারেশন টিম: মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই প্রোগ্রামের নির্বাচিত কর্মকর্তা দৈনন্দিন মডারেশন কার্যক্রম পরিচালনা করেন। সরকারের একদল উর্দ্ধতন কর্মকর্তা মডারেশন টিমের উপদেষ্টা হিসেবে এই টিমে যুক্ত রয়েছেন। মডারেশন টিম কোন পোস্ট ও মন্তব্যকে অপ্রাসঙ্গিক মনে করলে তা সাময়িক বা স্থায়ীভাবে মুছে ফেলতে পারেন। মডারেশন টিম প্রয়োজনে, সদস্যকে সতর্ক করে, সদস্যপদ বাতিল করতে পারেন। মডারেশন টিম সকল সম্মানিত সদস্যকে তার প্রোফাইলে কর্মস্থল ও পদবী উল্লেখ করতে বিশেষ অনুরোধ করছে।

সদস্যদের জন্য করণীয়: এটি একটি অরাজনৈতিক প্লাটফর্ম। এই প্লাটফর্মে ব্যক্তিগত আক্রমণাত্মক/বিরক্তিকর কোন আচরণ/ঘৃণা প্রকাশ/ধর্মীয় অনুভূতিতে আঘাত করে কোন আলোচনা গ্রহণযোগ্য হবে না।

প্রত্যাশা: সরকারি কর্মকর্তাদের মধ্যে সেবায় উদ্ভাবন সংস্কৃতি বেগবান করার প্রক্রিয়ায় ফেসবুকে একটি কার্যকর ও জনপ্রিয় মাধ্যম হিসেবে প্রতিষ্ঠিত করে পৃথিবীতে একটি দৃষ্টান্ত সৃষ্টি করা।

লক্ষ্য: ফেসবুকে একটি সংগঠনে রূপান্তরিত করা যেখানে বিভিন্ন পর্যায়ে সেবায় উদ্ভাবনসংশ্লিষ্ট সকল নীতি নির্ধারক, উদ্ভাবক, উদ্ভাবন সমন্বয়ক এবং পর্যায়ক্রমে নাগরিকের যৌথচিন্তা ও সংলাপের সম্মেলন ঘটবে - যার মাধ্যমে বৃহত্তর জনগোষ্ঠীর দোরগোড়ায় সেবা নিশ্চিত করার প্রক্রিয়া গতিশীল ও মানুষের সেবা পাবার অধিকার নিশ্চিত হবে।

অগ্রগতি: সরকারের একাধিক দপ্তর ইতোমধ্যে ফেসবুকে Page ও Group খুলে সেখানে নাগরিকদের সাথে আলোচনার মাধ্যমে সেবা প্রদান প্রক্রিয়াকে গতিশীল করে চলেছে।